

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
গফরগাঁও, ময়মনসিংহ।

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, গফরগাঁও, ময়মনসিংহ এর অংশীজনের অংশগ্রহনে অনুষ্ঠিতব্য সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ ডাঃ মোঃ আরিফুল ইসলাম
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
গফরগাঁও, ময়মনসিংহ।

তারিখঃ ১৩/০৯/২০২৩ ইং


সময়ঃ সকাল ৯.০০ ঘটিকা

স্থানঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মহোদয়ের কক্ষ, গফরগাঁও, ময়মনসিংহ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট -ক

সভাপতি সভায় অংশগ্রহনকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমিতক্রমে ভেটেরিনারি সার্জন সভার অলোচ্য বিষয় সমূহ উপস্থাপন করেন। বিস্তারিত অলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	সেবাপ্রদানপ্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)	সভায় উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল গফরগাঁও, ময়মনসিংহ এর সিটিজেন চার্টার উপস্থাপন করে অংশীজনের সেবা প্রদানের ক্ষেত্রে কোন মতামত বা পরামর্শ রয়েছে কিনা সে বিষয়ে জানতে চাওয়া হলে অংশীজনরা জানান যে, সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করা হয়। প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান করা হয়।	সেবাপ্রদান প্রতিশ্রুতি(সিটিজেন চার্টার) অনুযায়ী অংশীজনের সেবা প্রদান ধারা অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল গফরগাঁও, ময়মনসিংহ।
২.	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা	সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫(পরিমার্জিত ২০১৮) সম্পর্কে আলোচনা করা হয়। এছাড়া, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল গফরগাঁও, ময়মনসিংহ এর ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সেবাবন্ডের চারটি লিংক সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সম্পর্কে কোন মতামত বা পরামর্শ রয়েছে কিনা সে বিষয়ে জানতে চাওয়া হলে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল গফরগাঁও, ময়মনসিংহ অংশীজনরা এ বিষয়ে সন্তুষ্টি প্রকাশ করেন।	সেবাবন্ড হালনাগাদসহ অভিযোগ প্রতিকার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল গফরগাঁও, ময়মনসিংহ
৩.	তথ্য অধিকার আইন	সভায় তথ্য অধিকার আইন ও বিধিবিধান আলোচনা করা হয়। এছাড়া, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল গফরগাঁও, ময়মনসিংহ এর ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবন্ডের চারটি লিংক সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। তথ্য অধিকার ব্যবস্থাপনা সম্পর্কে কোন মতামত বা পরামর্শ রয়েছে কিনা সে বিষয়ে জানতে চাওয়া হলে অংশীজনরা এ বিষয়ে সন্তুষ্টি প্রকাশ করেন।	সেবাবন্ড হালনাগাদসহ তথ্য অধিকার সম্পর্কিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	



ডাঃ মোঃ আরিফুল ইসলাম
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
গফরগাঁও, ময়মনসিংহ
মোবাইলঃ ০১৭১৩৬৪৬৯৪৩